ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭০৫
শান্তিরবাজার, ১৫ মে, ২০২৫

**দক্ষিণ ত্রিপুরা জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত ২৪৩টি পুকুর সংস্কারের কাজ চলছে**

ভারত সরকারের নর্থ-ইস্টার্ন কাউন্সিলের আর্থিক সহায়তায় গত বছরের আগস্ট মাসে বন্যায় দক্ষিণ ত্রিপুরা জেলার ক্ষতিগ্রস্ত ২৪৩টি পুকুর সংস্কারের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরফলে বিলোনীয়া, শান্তিরবাজার এবং সাব্রুম মহকুমার ৩৯.৫ হেক্টর জলাশয়কে পুনরায় মৎস্য চাষের আওতায় আনা সম্ভব হবে। ২৪৩টি পুকুর সংস্কারের জন্য ব্যয় হবে ১ কোটি ৩৮ লক্ষ ২৫ হাজার টাকা। ইতিমধ্যেই ২১৪টি পুকুর সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে। তাতে ব্যয় হয়েছে ৯১ লক্ষ ৯৫ হাজার ৮০০ টাকা। অবশিষ্ট ক্ষতিগ্রস্ত পুকুরগুলির সংস্কারের কাজও দ্রুত সম্পন্ন করা হবে। মৎস্য দপ্তরের দক্ষিণ ত্রিপুরা জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****